



প্রবাসীদের সুদমুক্ত ঋণ দেবে প্রবাসী কল্যাণ ব্যাংক: আসিফ নজরুল



সংগৃহীত ছবি

প্রবাসী কল্যাণ ব্যাংক খুব শিগগিরই শরিয়াহসম্মত ঋণ কার্যক্রম চালু করতে যাচ্ছে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ নজরুল।

মঙ্গলবার ১৩ জানুয়ারি ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালকের সঙ্গে আলোচনা শেষে ফেসবুকে দেওয়া এক বার্তায় তিনি বিষয়টি নিশ্চিত করেন। সেখানে তিনি জানান, চলতি মাসের মধ্যেই প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে শরিয়াভিত্তিক ঋণ বিতরণ শুরু করার প্রস্তুতি রয়েছে।

আসিফ নজরুল বলেন, এই উদ্যোগের ফলে প্রবাসী বাংলাদেশিরা সুদমুক্ত ও ইসলামী নীতিমালা অনুযায়ী আর্থিক সহায়তা নিতে পারবেন, যা তাদের জন্য বড় স্বস্তি বয়ে আনবে। এ উদ্যোগ গ্রহণে শায়খ আহমাদুল্লাহর ভূমিকার কথাও উল্লেখ করে তাকে ধন্যবাদ জানান তিনি।

LENS ASIA